

💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

১৭: কোন্ কোন্ সময়ে জানাযার ছালাত আদায় করা নিষেধ? আর কেনইবা ফজরের পূর্বে এবং আছরের পূর্বে মানুষ জানাযা ছালাত পড়ে না- বিশেষ করে কা'বা ও মসজিদে নববীতে- অথচ তারা ঐসময় সমবেত থাকে?

তিনটি সময়ে আমাদেরকে ছালাত আদায় করতে এবং মুর্দা দাফন করতে নিষেধ করা হয়েছেঃ সূর্যোদয়ের সময় থেকে সূর্য্য সামান্য পরিমাণ উপরে উঠা পর্যন্ত, ভরা দুপুর বেলায় অর্থাৎ সূর্য ঢলে যাওয়ার ১০ মিনিট মত আগে এবং সূর্যান্তের সময়। উক্ত তিন সময় হল নিষিদ্ধ সময়। উক্তবা বিন আমের রাদিয়াল্লাহু 'আনহু বর্ণিত হাদীছে এসেছে, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে তিন সময়ে ছালাত আদায় করতে এবং মুর্দা দাফন করতে নিষেধ করেছেন।[1] অতঃপর তিনি উক্ত তিনটি সময় উল্লেখ করেন।

তবে ফজর ও আছরের পরে যেহেতু জানাযার ছালাত আদায় করতে কোনো নিষেধ নেই, সেহেতু ফজর ও আছরের পূর্বে আগেভাগে জানাযা ছালাত আদায়ের কোনো প্রয়োজন নেই।

ফুটনোট

[1]. মুসলিম, 'মুসাফিরদের ছালাত' অধ্যায়, হা/৮৩১।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1674

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন